



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



পিআর ৭৯/২১

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)' এর উগ্রবাদী মতাদর্শ প্রচারকারী বইয়ের প্রকাশক গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর অভিযানে গত ১৬ সেপ্টেম্বর ২০২১ ময়মনসিংহ জেলার মুক্তাগাছা থানার মামলা নং-০৬, তারিখ-১৬/০৯/২০২১ খ্রি:, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারায় গ্রেফতারকৃত মো: কাওসার আহাম্মেদ @ মিলন ও জাহিদ মোস্তফার দেয়া তথ্যের ভিত্তিতে ১৮ সেপ্টেম্বর ২০২১ খ্রি: ০৩.৪৫ ঘটিকার সময় ডিএমপি'র সূত্রাপুর থানাধীন বাংলাবাজারস্থ ইসলামী মার্কেট এলাকার রিহাব পাবলিকেশন্সে অভিযান পরিচালনা করে 'আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)' এর সক্রিয় সদস্য, আল রিহাব পাবলিকেশন্স এর প্রকাশক ও সত্বাধিকারী মো: হাবিবুর রহমান @ শামীম (৩২) কে গ্রেফতার করা হয়েছে। তার স্থায়ী ঠিকানা- মোহনপুর নিজপাড়া, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০৩ টি মোবাইল ফোন এবং তার প্রকাশনা সংস্থা থেকে বিপুল পরিমাণে উগ্রপন্থী বই জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামী মো: হাবিবুর রহমান ২০১৬ সালে আল রিহাব পাবলিকেশন্স নামে একটি প্রকাশনা সংস্থা চালু করে। মুফতি জসীম উদ্দিন রাহমানীর একান্ত সহযোগী ফিরোজ তাকে মুফতি জসীম উদ্দিন রাহমানীর কিছু বই প্রকাশ করার জন্য দেয়। সে তার প্রকাশনা থেকে বইগুলো প্রকাশ ও বিক্রি করে। এই সূত্রে সে মুফতি জসীম উদ্দিন রাহমানীর মতাদর্শে অনুপ্রাণিত হয়ে আনসারুল্লাহ বাংলা টিম সমর্থন করা শুরু করে। বই প্রকাশনার সূত্রে এবিটির কতিপয় সংগঠকের সাথে তার ঘনিষ্ঠ সম্পর্ক হয়। গ্রেফতারকৃত মো: হাবিবুর রহমান এবিটি সদস্য ও অন্যান্য অনুসারীদের কাছে মুফতি জসীম উদ্দিন রাহমানীর উগ্রবাদী বই ছাড়াও উগ্রপন্থী বই যেমন- গাজওয়াতুল হিন্দ, জেগে ওঠো হে উম্মাহ, সত্যের সন্ধানে হে যুবক, দাজ্জাল আসছে সতর্ক হও, গণতন্ত্রের অসারতা ও ধ্বংসলীলাসহ অন্যান্য উগ্রপন্থী বই-পুস্তিকা প্রকাশনা সরবরাহ, বিতরণ ও অনলাইন প্ল্যাটফর্মে গোপনে বিক্রি করত। এছাড়া বিভিন্ন সময় সে আনসারুল্লাহ বাংলা টিম এর উগ্র মতাদর্শের বিভিন্ন প্রিন্টেট ও ভিডিও কন্টেন্ট সমর্থকদের সাথে শেয়ার করে আসছিল।

দীর্ঘদিন যাবত আল- রিহাব পাবলিকেশন্স থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসারুল্লাহ বাংলা টিম' এর প্রধান মুফতী জসীম উদ্দিন রাহমানিসহ অন্যান্য উগ্রপন্থী লেখকের বই প্রকাশ, প্রকাশনা, 'আনসারুল্লাহ বাংলা টিম' এর সদস্যদের কাছে উগ্রপন্থী বই ও পুস্তিকা বিক্রি করে সরকার ও রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, জনমনে ভ্রাস, ভীতি ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা, গোপনে অনলাইন এবং অফলাইনে উগ্রবাদী বই বিক্রি ও উগ্রপন্থী কর্মকাণ্ডে উদ্বুদ্ধ করায় তাকে উপর্যুক্ত মামলায় বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।


১৯/০৯/২০২১

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd